ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৫৫৪
কাঞ্চনপুর, ২৭ আগস্ট, ২০২৫

**লালজুরি ব্লকে উন্নয়নমূলক কর্মসূচির পর্যালোচনা সভায় শিল্প বানিজ্য মন্ত্রী**

লালজুরি ব্লকের সভাকক্ষে গতকাল ব্লকভিত্তিক উন্নয়নমূলক কাজের পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন শিল্প ও বানিজ্য দপ্তরের মন্ত্রী সান্তনা চাকমা। এছাড়াও পর্যালোচনা সভায় উপস্থিত ছিলেন এমডিসি স্বপ্নারানী দাস, লালজুরি বি এ সি'র চেয়ারম্যান অজন্তকুমার চৌধুরী, লালজুরি ব্লকের বিডিও ময়ুখ দত্ত মজুমদার ও বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ। সভায় শিল্প ও বানিজ্য দপ্তরের মন্ত্রী সান্ত্বনা চাকমা চলতি অর্থবছরে লালজুরি ব্লকের বিভিন্ন উন্নয়নমূলক কাজের অগ্রগতি যেমন রাস্তাঘাট, পানীয়জল, কৃষি, বিদ্যুৎ ইত্যাদি বিষয়ে খোঁজ খবর নেন। তিনি সংশ্লিষ্ট দপ্তরের গৃহীত উন্নয়নমূলক প্রকল্পের কাজ সঠিক সময়ে দ্রুত রূপায়ণের জন্য গুরুত্ব আরোপ করেন। স্থানীয় এলাকার মানুষের সমস্যাগুলি সমাধানের জন্য তিনি দপ্তর ও জন প্রতিনিধিদের একসাথে মিলে কাজ করার পরামর্শ দেন। সভার শুরুতে বিডিও ময়ুখ দত্ত মজুমদার চলতি অর্থবছরে সংশ্লিষ্ট ব্লকের উন্নয়নমূলক কাজের তথ্য পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে তুলে ধরেন। সভায় কাঞ্চনপুর কৃষি মহকুমার কৃষি তত্ত্বাবধায়ক কবির দেববর্মা এই অর্থবছরের এখন পর্যন্ত লালজুরি ব্লকে কৃষি কাজের চিত্র তুলে ধরেন।

******